১৫৩

দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 13 NOV 1988 পৃষ্ঠা 1 কলাম 5

C44

## আগামীকাল প্রাথমিক শিক্ষা সরকারী কর্মচারী সমিতির ঢাকা বিভাগীয় সম্মেলন

প্রাথমিক শিক্ষা সরকারী কর্মচারী সমিতির ঢাকা বিভাগীয় ইউনিটের উদ্যোগে আগামীকাল (সোমবার) শিক্ষা ভবন চত্বরে এক সম্মেলন অনুষ্ঠিত হবে। এ ছাড়া আগামী ২৪ নভেম্বর (বৃহস্পতিবার) বিকেল সাড়ে ৩টায় একই স্থানে সমিতির সারা দেশের প্রতিনিধিদের এক সম্মেলন অনুষ্ঠিত হবে। প্রেস বিজ্ঞপ্তি।

## অধ্যাপক আযাদ

প্রথম পৃষ্ঠার পর

অধ্যাপক আবুল কালাম আযাদ উপরোক্ত মন্তব্য করেন।

অধ্যাপক আযাদ বলেন, গত ২০ বছর যাবত বাংলাদেশের প্রাথমিক শিক্ষক সমাজ একই পতাকাতলে ঐক্যবদ্ধ থেকে সম্মেলন ও আন্দোলন করার ফলেই তাদের জীবন মানের উন্নতি ঘটেছে। এই সফলতা কোন এক ব্যক্তির অবদান বা কারো দয়ার ভিক্ষা নয়, এদেশের প্রাথমিক শিক্ষকগণ তাদের সংগঠনের প্রতি আস্থাশীল থেকে অবিরল সংগ্রামের মাধ্যমে এই সাফল্য অর্জন করেছে।

অধ্যাপক আযাদ বলেন, আজ হতে বিশ বছর পূর্বে সাবেক তেজগাঁও থানার প্রাথমিক শিক্ষকদের উদ্যোগে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির বর্তমান নেতৃত্বের উন্মেষ ঘটেছে। আজকাল গুলশান, ক্যান্টনমেন্ট, মিরপুর ও তেজগাঁও থানাসহ ঢাকা মহানগরীর প্রাথমিক শিক্ষকগণ একইভাবে ঐক্যবদ্ধ ও সচেতন আছেন।

অধ্যাপক আযাদ বলেন, পাকশীতে মহাসমাবেশকে সফল করে এদেশের প্রাথমিক শিক্ষকদের ন্যায্য দাবী আদায়ের প্রক্রিয়াকে আরো জোরদার করলে ঢাকা মহানগরীর শিক্ষকগণ অতীতের মতোই অবদান রাখবে। প্রেস বিজ্ঞপ্তি।